

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৬২৬.০২.০১১.২৩ নথির বিষয়: Procurement of consumable items like fuel & oil filter for different maintenance equipment under SKWP.

নোট: ১ নোটের বিষয়: Procurement of consumable items like fuel & oil filter for different maintenance equipment under SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৮/৯/২৩ ১:১১ অপরাহ্ন

সংযুক্তি সমূহ দয়া করে দেখা যেতে পারে। আলোচ্য প্ল্যান্টটি SCADA সিস্টেমের মাধ্যমে চালিত ঢাকা ওয়াসার একটি অটোমোটেড মডেল প্ল্যান্ট। প্ল্যান্টটির পানি উৎপাদন ক্ষমতা দৈনিক ১৫ কোটি লিটার। আলোচ্য “সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট”-এ ২টি আয়রন রিমুভাল প্ল্যান্ট (IRP), ৪৫টি গভীর নলকূপ (DTW) (পরবর্তীতে ৪৬টি গভীর নলকূপ হবে) ও ২টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা রয়েছে। ঐ প্ল্যান্টের IRP#1 ও IRP#2 স্থাপনাদ্বয় যথাক্রমে ৯ একর ও ৬ একর জায়গা জুড়ে এছাড়া আলোচ্য প্ল্যান্টের ৪৪ টি গভীর নলকূপ স্থাপনা সমূহ ১.৭৫ একর জায়গা জুড়ে অবস্থিত। যেখানে প্রচুর পরিমাণে ঘাস ও ঝোপ-ঝাড় জন্মায়। যা অত্র বিভাগের আওতায় ক্রয়কৃত ০৩ টি লন মোয়ার (ঘাস কাটার মেশিন) ও ৬ টি বুশ কাটার (ঝোপ-ঝাড় কাটার মেশিন) দ্বারা (সংযুক্তি: ০১) আউট সোর্স স্টাফ, G4S গার্ড দিয়ে পাম্প স্টেশন গুলো নিয়মিত ঘাস/ঝোপ কাটা ও পরিষ্কার করা হয়। এছাড়া অত্র প্ল্যান্টের আওতায় ২৭ কি.মি. 'র' ওয়াটার কালেকশন মেইন, ১০.০৫ কি.মি. ট্রান্সমিশন মেইন ও ১৩.২ কি.মি. ডিস্ট্রিবিউশন মেইন পাইপ লাইন রয়েছে। উক্ত পাইপ লাইনে অবস্থিত ৭৪ টি বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বার (বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেইট ভাল্ব, ওয়াশ আউট ভাল্ব), ০৪ ভার্টিক্যাল রিভার ক্রসিং পয়েন্ট গুলোতে ডিওয়াটারিং, প্রিভেন্টিভ ও কারেক্টিভ মেইন্টেন্যান্স করার জন্য ডি-ওয়াটারিং পাম্প ব্যবহার করা হয় এবং 'র' ওয়াটার কালেকশন মেইন কোথাও লিকেজ দেখা দিলে সেখানে রাতের বেলা রিপেয়ারিং কাজের সময় আলো, ডিমোলিশন হ্যামার ও সান্প-পাম্প এ বিদ্যুতের জন্য প্ল্যান্টের আওতায় ক্রয়কৃত মোবাইল জেনারেটর ব্যবহার করা হয়। এছাড়া বিভিন্ন পাম্প স্টেশনে ইলেক্ট্রিক পাওয়ার না থাকলে সেসকল স্থানে রক্ষনাবেক্ষন কাজ চলাকালীন সময়ে বিভিন্ন ইকুপমেন্ট দিয়ে কাজ করার জন্য মোবাইল জেনারেটর ব্যবহার করা হয় (সংযুক্তি: ০২)। উক্ত সকল মেশিনগুলো ফুয়েল হিসেবে অকটেন ব্যবহৃত হয়।

সংযুক্তিসমূহ (২):

১। ইকুপমেন্টের চিত্র।

২। কাজের ছবি।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৮/৯/২৩ ১:১৩ অপরাহ্ন

আলোচ্য ০৩ টি লন মোয়ার (ঘাস কাটার মেশিন), ৬ টি বুশ কাটার (ঝোপ-ঝাড় কাটার মেশিন), ০১ টি স্যালা ডিওয়াটারিং পাম্প ও ০২ টি মোবাইল জেনারেট মেশিনগুলো দিয়ে নিয়মিত রক্ষনাবেক্ষন কাজগুলো চালু রাখার জন্য গত ০২/০৭/২০২৩ ইং তারিখ হতে গত ৩০/০৮/২০২৩ ইং তারিখ পর্যন্ত বিভিন্ন সময়ে জ্বালানী হিসেবে অকটেন ক্রয় করা হয়েছে, যার পরিমাণ প্রায় ১৮০ লিটার (সংযুক্তি: ০৩)। যা ক্রয়ের জন্য কোন স্থায়ী সংস্থান অত্র প্ল্যান্টের নিয়মিত ব্যয় ধরা নেই। তাই

প্রতিবার কাজের সময় সরাসরি ক্রয় করে ব্যবহার করা হয়। ক্রয়কৃত জ্বালানীর ভাউচার গুলো সমন্বয় স্বাধনের জন্য ভাউচার অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাড়িয়েছে ২৪,৫৪০/- (টাকা চব্বিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'তৈল ও জ্বালানী (যানবাহন (কোড ০১-০২-০১৩) খাত (সংযুক্তিঃ ০৫) ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৪৫ হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০৬)।

সংযুক্তিসমূহ (৪):

১। খরচকৃত ভাউচারের বিবরণী।

২। প্রাক্কলন।

৩। ২০২২-২৩ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের কপি।

৪। ২০২২-২৩ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৮/৯/২৩ ১:১৫ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও ১.১ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার “সভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট”-এর আওতায় Procurement of consumable items like fuel & oil filter for different maintenance equipment under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৮১ এর (১) ধারা মোতাবেক সরাসরি ক্রয়ের পোস্ট ফ্যাক্টো অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তারিক প্রাক্কলিত সর্বমোট ২৪,৫৪০/- (টাকা চব্বিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'তৈল ও জ্বালানী (যানবাহন (কোড ০১-০২-০১৩) খাত (সংযুক্তিঃ ০৩) ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৪৫ হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আলোচ্য উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



২৩/৯/২৩ ৬:৩৭ অপরাহ্ন
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট




২৪/৯/২৩ ১:৫০ অপরাহ্ন
কাজী বিল্লাল হোসেন
সহকারী প্রকৌশলী
সভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

২৪/৯/২৩ ১:৫০ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৪/৯/২৩ ৭:৪৮ অপরাহ্ন

উপর্যুক্ত বর্ণনার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



২৪/৯/২৩ ৭:৪৮ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট




২৪/৯/২৩ ১১:৩৯ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~২৪/৯/২৩ ১১:৩৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৫/৯/২৩ ১২:০৭ অপরাহ্ন
অনুমোদিত



২৫/৯/২৩ ১২:০৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)




২৬/৯/২৩ ২:৪৫ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~২৬/৯/২৩ ২:৪৫ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৬/৯/২৩ ৩:০৭ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিন।



২৬/৯/২৩ ৩:০৮ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট

২৬/৯/২৩ ৩:০৮ অপরাহ্ন
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট